


🗏 আল-বালাদ | Al-Balad | ٱلْبَلَد

আয়াতঃ ৯০:১১

💵 আরবি মূল আয়াত:



তবে সে বন্ধুর গিরিপথটি অতিক্রম করতে সচেষ্ট হয়নি। — আল-বায়ান

(মানুষকে এত গুণবৈশিষ্ট্য ও মেধা দেয়া সত্ত্বেও) সে (ধর্মের) দুর্গম গিরি পথে প্রবেশ করল না। — তাইসিরুল

কিন্তু সে গিরিসংকটে প্রবেশ করলনা। — মুজিবুর রহমান

But he has not broken through the difficult pass. — Sahih International

- ১১. তবে সে তো বন্ধুর গিরিপথে(১) প্রবেশ করেনি।
 - (১) عُقْبَة বলা হয় পাহাড়ের বিরাট প্রস্তর খণ্ডকে এবং দুই পাহাড়ের মধ্যবর্তী গিরিপথকে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

১১। কিন্তু সে গিরি সংকটে প্রবেশ করল না। [1]

[1] عقبة বলা হয় পাহাড়ের মাঝে মাঝে রাস্তা বা গিরিপথকে। সাধারণতঃ এ পথ বড় দুস্তর, দুরতিক্রম্য ও সংকটময় হয়। এটি মানুষের সেই শ্রম ও কষ্টকে স্পষ্ট করে বুঝাবার জন্য একটি উদাহরণ; যা নেক কাজ করার পথে শয়তানের কুমন্ত্রণা এবং মনের কামনা-বাসনার বিরুদ্ধে করতে হয়। যেমন পাহাড়ের ঐ পথে চড়া অত্যন্ত কঠিন, তেমনি তার নেক কাজ করাও বড় সুকঠিন। (ফাতহুল ক্লাদীর)

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6034

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন